রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৬ সনের ৪৩ নং

বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২২, ২০২৬

সূচীপত্র

		পৃষ্ঠা নং
১ম	খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।	৯০৭—১০০২
২য়	খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।	১২১৭—১২৪০
৩য়	খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	নাই
৪র্থ	খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি।	নাই
৫ম	খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি।	নাই
৬ষ্ঠ	খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	১৩০৯—১৩৬০
৭ম	খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ।	নাই
৮ম	খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।	নাই
	ক্রোড়পত্র—সংখ্যা	নাই
	(১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি।	নাই
	(২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব।	নাই
	(৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব।	নাই
	(৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব।	নাই
	(৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান।	নাই
	(৬) ..... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা।	নাই

১ম খণ্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩৩/২৩ সেপ্টেম্বর ২০২৬

নং **১৭.০০.০০০০.০৮৩.২৭.০০৪০.২৬-৭১২**—যেহেতু জনাব মোঃ নূর-ই-আলম (পরিচিতি নম্বর-১০৯১৫০৩৭), উপজেলা নির্বাচন কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর (প্রাক্তন উপজেলা নির্বাচন কর্মকর্তা, ডোমার, নীলফামারী) এর বিরুদ্ধে জনৈক ইসমাহীস (এনআইডি নম্বর-৭৮৩২৭৩৫৪৫৫), নামীয় ব্যক্তির দাখিলকৃত ভুয়া তথ্য ও কাগজপত্র যাচাই-বাছাই নিয়ম বহির্ভূতভাবে ভোটার নিবন্ধন কার্য সম্পন্ন করতঃ আপন দায়িত্বে চরম অবহেলা প্রদর্শন করার অভিযোগ তদন্ত সন্দেহাতীতভাবে প্রমাণিত;

যেহেতু, অপরাধের মাত্রা ও প্রকৃতি বিবেচনায় জনস্বার্থে তাকে সরকারি কর্ম হতে বিরত রাখা আবশ্যক ও সমীচীন;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) মোতাবেক জনাব মোঃ নূর-ই-আলম (পরিচিতি নম্বর-১০৯১৫০৩৭), উপজেলা নির্বাচন কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর (প্রাক্তন উপজেলা নির্বাচন কর্মকর্তা, ডোমার নীলফামারী)-কে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। সাময়িকভাবে বরখাস্ত থাকাকালীন তিনি প্রচলিত বিধি মোতাবেক খোরশোষ ভাতা (Subsistence Allowance) ও অন্যান্য আইনানুগ সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

আখতার আহমেদ
সিনিয়র সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
কেন্দ্রীয় ব্যাংক-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ আশ্বিন ১৪৩৩/২২ সেপ্টেম্বর ২০২৬

নং **৫৩.০০.০০০০.০০০.৩১১.১১.০০২৮.১৭.৬৬০**—পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর ১১(১) ও ১২ ধারা অনুযায়ী সাবেক সচিব ড. এ কে এম জাহাঙ্গীর-কে পল্লী সঞ্চয় ব্যাংক এর পরিচালনা বোর্ডে পরিচালক ও চেয়ারম্যান হিসেবে তাঁর যোগদানের তারিখ হতে ৩(তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মিজানুর রহমান
উপসচিব।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রশাসন শাখা

শোক বার্তা

তারিখ: ০৯ আশ্বিন ১৪৩৩/২৪ সেপ্টেম্বর ২০২৬

নং **৪০.০০.০০০০.০১১.৩৮.০০২.২৫-১৩৬৫**—শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) জনাব লক্ষ্মী রানী ঘোষ (১১৬৭০)-এর গত ০৬-০৮-২০২৬ তারিখ রোজ বৃহস্পতিবাব সন্ধ্যা ৬.৩০ ঘটিকায় আকস্মিক মৃত্যুর সংবাদে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারী গভীরভাবে শোকাহত। তাঁর মৃত্যুতে আমরা গভীর শোক ও দঃখ প্রকাশ করছি। আমরা তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

মহান সৃষ্টিকর্তা তাঁর বিদেহী আত্মার শান্তি এবং তাঁর শোকসন্তপ্ত পরিবার-পরিজনকে এই অপূরণীয় ক্ষতি সহ্য করার শক্তি দান করুন।

মোঃ কামাল হোসেন
উপসচিব।

সমাজ কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৫ (প্রশাসন ও শৃঙ্খলা) শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ০২ আশ্বিন ১৪৩৩/১৭ সেপ্টেম্বর ২০২৬

নং **৪১.০০.০০০০.০৪১.২৭.০০১.১৯-২৪৭**—যেহেতু, জনাব মোঃ মাহাবুবুর রহমান, সমাজসেবা অফিসার (রেজিস্ট্রেশন), জেলা সমাজসেবা কার্যালয়, পটুয়াখালী উপজেলা সমাজসেবা কার্যালয় মোংলা, বাগেরহাটে কর্মকালে ক্ষুদ্রঋণ তহবিলের ৮,৫৬,৭৬৩/- (আট লক্ষ ছাপান্না হাজার সাতশত তেষট্টি) টাকা আত্মসাৎ করেন;

২। যেহেতু, তার বিরুদ্ধে বিভিন্ন ভাতাভোগীদের নিকট হতে উৎকোচ গ্রহণ, ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত বেসরকারি এতিমখানা থেকে উৎকোচ গ্রহণ, নারী কেলেঙ্কারী ইত্যাদি অভিযোগ উত্থাপিত হওয়ায় তাকে উপজেলা সমাজসেবা কার্যালয়, মোংলা, বাগেরহাট হতে সমাজসেবা অফিসার (রেজিস্ট্রেশন), পটুয়াখালীতে বদলি করা হয়;

৩। যেহেতু, ইতিপূর্বে অর্থ আত্মসাৎ এর অভিযোগে তার বিরুদ্ধে ৩১/২০১৩ নম্বর বিভাগীয় মামলা দায়ের করা হয়েছিল এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (বি) বিধি মোতাবেক "বাধ্যতামূলক অবসর" দণ্ডারোপ করে উক্ত মামলা নিষ্পত্তি করা হয়েছে। পরবর্তিতে উক্ত বিভাগীয় মামলায় দণ্ডাদেশের বিরুদ্ধে তার আপিল আবেদনের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ কর্তৃক তাকে চাকরিতে পুনর্বহালের আদেশ দেয়া হয়। বারবার অর্থ আত্মসাৎকরত অনিয়মে জড়িত হওয়া তার অভ্যাসে পরিণত হয়েছে;

৪। যেহেতু, ক্ষুদ্রঋণ তহবিলের অর্থ আত্মসাৎ, বিভিন্ন ভাতাভোগীদের নিকট হতে উৎকোচ গ্রহণ, ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত বেসরকারি এতিমখানা থেকে উৎকোচ গ্রহণ এবং নারী কেলেঙ্কারীর অভিযোগে তার বিরুদ্ধে ১৫/২০২১ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয় (স্মারক নম্বর: ৪১.০০.০০০০.০৪১.২৭.০০১.১৯.১১৩, তারিখ: ২৭ জুন ২০২১);

৫। যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে তাঁর জবাব দাখিল করতঃ ব্যক্তিগত শুনানির আবেদন করেন। ১২ অক্টোবর ২০২১ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণের পর অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় (স্মারক নম্বর: ৪১.০০.০০০০.০৪১. ২৭.০০১.১৯.২২৭, তারিখ: ০২ নভেম্বর ২০২১)। তদন্তকারী কর্মকর্তা অভিযোগের বিষয়ে বিধিমত তদন্ত করতঃ প্রতিবেদন দাখিল করেন (ইউ.ও.নোট নম্বর ৪১.০০.০০০০.০৩২.২৫.০০১.২১.১৬৯, তারিখ: ১৪ মার্চ ২০২২);

৬। যেহেতু, দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও (ঘ) অনুযায়ী 'অসদাচরণ ও দুর্নীতি পরায়ণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

৭। যেহেতু, জনাব মোঃ মাহাবুবুর রহমান, সমাজসেবা অফিসার (রেজিস্ট্রেশন), জেলা সমাজসেবা কার্যালয়, পটুয়াখালী (সাবেক উপজেলা সমাজসেবা কার্যালয় মোংলা, বাগেরহাটে)-কে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় (স্মারক: ১৬২, তারিখ: ২০ জুন ২০২২)। তাঁর দাখিলকৃত দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব সন্তোষজনক প্রতিয়মান না হওয়ায় বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয় (স্মারক নম্বর: ৪১.০০.০০০০. ০৪১.২৭.০০১.১৯-২১০, তারিখ: ০৪ আগস্ট ২০২২);

৮। যেহেতু, জনাব মোঃ মাহাবুবুর রহমান, সমাজসেবা অফিসার (রেজিস্ট্রেশন), জেলা সমাজসেবা কার্যালয়, পটুয়াখালী (সাবেক উপজেলা সমাজসেবা কার্যালয় মোংলা, বাগেরহাট)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯১৮ এর বিধি ৪(৩) (ক) অনুযায়ী "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" দণ্ডারোপ প্রদান করার বিষয়ে গৃহীত সিদ্ধান্তের সাথে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কর্তৃক একমত পোষণ করা হয়েছে (স্মারক নম্বর: ৭৯, তারিখ: ১৯ আগস্ট ২০২৬)।

৯। সেহেতু, জনাব মোঃ মাহাবুবুর রহমান, সমাজসেবা অফিসার (রেজিস্ট্রেশন), জেলা সমাজসেবা কার্যালয়, পটুয়াখালী (সাবেক উপজেলা সমাজসেবা কার্যালয় মোংলা, বাগেরহাটে) এর বিরুদ্ধে দায়েরকৃত ১৫/২০২১ নম্বর বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও (ঘ) অনুযায়ী "অসদাচরণ ও দুর্নীতি পরায়ণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালা ৪(৩)(ক) বিধি মোতাবেক "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" গুরুদণ্ড আরোপ করা হলো।

১০। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩৩/১৫ সেপ্টেম্বর ২০২৬

নং **৪১.০০.০০০০.০২০.২৭.০০৯.২২-২৪৩**—যেহেতু, জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা এর বিরুদ্ধে ২০২২-২০২৩ অর্থবছরে সামাজিক নিরাপত্তার আওতায় বিভিন্ন কর্মসূচির আনুমানিক ৩৫০০ (তিন হাজার পাঁচশত) জন প্রকৃত ভাতাভোগীর "নগদ" হিসাবের মোবাইল নম্বর পরিবর্তন করার অভিযোগে তার বিরুদ্ধে ১০/২০২২ নম্বর বিভাগীয় মামলা রুজুকরতঃ অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়;

২। যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে তিনি জবাব দাখিলকরতঃ ব্যক্তিগত শুনানির আবেদন করেন। সে প্রেক্ষিতে ০৮ আগস্ট ২০২৩ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণের পর তাঁর বক্তব্য সন্তোষজনক না হওয়ায় অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য মন্ত্রণালয় কর্তৃক ০৩ (তিন) সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয় এবং অধিকতর তদন্তের জন্য সমাজসেবা অধিদপ্তরকে পত্র প্রেরণ করা হয়;

৩। যেহেতু, মন্ত্রণালয় কর্তৃক গঠিত তদন্ত কমিটির দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি;

৪। যেহেতু, অধিকতর তদন্তের জন্য সমাজসেবা অধিদপ্তর কর্তৃক গঠিত তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা এর বিরুদ্ধে যাচাইপূর্বক পে-রোল প্রদান না করায় কর্তব্যে অবহেলা প্রমাণ পাওয়া গেছে। কিন্তু জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা কর্তৃক আর্থিকভাবে লাভবান হওয়ার কোনো প্রমাণ পাওয়া যায়নি;

৫। সেহেতু, জনাব মোঃ, আব্দুল্লাহ আল মামুন, উপজেলা সমাজসেবা অফিসার, কারিগঞ্জ, সাতক্ষীরা এর বিরুদ্ধে দায়েরকৃত ১০/২০২২ নম্বর বিভাগীয় মামলায় "সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) এ বর্ণিত "অসদাচরণ" এর দায়ে দোষী সাব্যস্ত হওয়ায় একই বিধিমালার ৪(২) (ক) বিধি মোতাবেক "তিরষ্কার" লঘুদণ্ড প্রদানপূর্বক ১০/২০২২ নম্বর বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো এবং সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো। সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে এবং তিনি বিধি মোতাবেক সাময়িক বরখাস্তকালীন বেতন ভাতাদির বকেয়া প্রাপ্য হবেন।

৬। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোহাম্মদ আবু ইউছুফ
সচিব।

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য ও গণযোগাযোগ-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২১ সেপ্টেম্বর ২০২৬

নং **১৫.০০.০০০০.০০০.০২৫.২৭.০০০১.২৬.২৩২**—যেহেতু, জনাব মোহাম্মদ নূর হোসেন, তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, মানিকগঞ্জ এ কর্মরত আছেন;

যেহেতু, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ২৯-১২-২০২৪ তারিখের ২৪৬৪ নম্বর প্রজ্ঞাপনমূলে উন্নত চিকিৎসার জন্য বার্মিংহাম, যুক্তরাজ্য গমনের জন্য তাকে ২৪-১২-২০২৪ হতে ৩১-০১-২০২৫ তারিখ পর্যন্ত অথবা প্রকৃত ছুটি ভোগের তারিখ হতে ৩৯ (উনচল্লিশ) দিনের বহিঃ বাংলাদেশ ছুটি (অর্জিত ছুটি) মঞ্জুর করা হলেও ছুটির মেয়াদ শেষ হওয়ার পর তিনি অননুমোদিভাবে ০৪-০২-২০২৫ হতে ১১-০৩-২০২৫ তারিখ পর্যন্ত ৩৬ (ছত্রিশ) দিন বিদেশে অবস্থান এবং কর্মস্থলে অনুপস্থিত থাকেন;

যেহেতু, এই অননুমোদিত বিদেশ অবস্থান এবং কর্মস্থলে অনুপস্থিতি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী "অসদাচরণ" হিসেবে গণ্য এবং একই বিধিমালার বিধি ৩(খ) মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ বিধায় তার বিরুদ্ধে ০১/২০২৬ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছে;

যেহেতু, এ ধরনের কর্মকাণ্ডের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) বিধিমতে অসদাচরণের অভিযোগে তাঁর বিরুদ্ধে ০১/২০২৬ নম্বর বিভাগীয় মামলা রুজুপূর্বক এ মন্ত্রণালয়ের ২৪-০২-২০২৬ তারিখের ১৫.০০.০০০০.০০০.০২৫.২৭.০০০১.২৬.১২৭ নম্বর স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে তাঁকে পত্র প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে লিখিত জবাবসহ কারণ দর্শাতে এবং ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করেন কিনা তা জানানোর জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করেন;

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২) অনুযায়ী একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে তদন্তকারী কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি এবং সুচিত কার্যধারাটি অগ্রসর হওয়ার মতো উপযুক্ত ভিত্তি নেই মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, মোহাম্মদ নূর হোসেন, তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, মানিকগঞ্জ এর অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব, তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনা করে সার্বিক বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ক) বিধিমতে তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নম্বর ০১/২০২৬ এর দায় হতে তাঁকে অব্যাহতি করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাহবুবা ফারজানা
সচিব।

টিভি-২ শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩৩/০৯ সেপ্টেম্বর ২০২৬

নং **১৫.০০.০০০০.০২৪.০৬.০১৬.১১-৮২৭(১৫)**—বাংলাদেশ টেলিভিশনে প্রচারের লক্ষ্যে বেসরকারি উদ্যোগে নির্মিত বিভিন্ন প্যাকেজ অনুষ্ঠান প্রিভিউ করার জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ১০ ডিসেম্বর ২০২৪ তারিখের ১৫.০০.০০০০.০২৪.০৬.০১৬.১১-৭২১ সংখ্যক প্রজ্ঞাপনে গঠিত **'বাংলাদেশ টেলিভিশন প্যাকেজ প্রিভিউ কমিটি'** সংশোধনপূর্বক নিম্নবর্ণিতভাবে পুনর্গঠন করা হলো:

সভাপতি

১। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন

সদস্যবৃন্দ

২। উপসচিব (টিভি-২), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

৩। জনাব সাবরিনা বিনতে আমিন, সংস্কৃতিকর্মী

৪। জনাব শাহেদ শরীফ খান, অভিনেতা

৫। জনাব ফারহানা চৌধুরী বেবী, নৃত্যশিল্পী ও নৃত্য পরিচালক

৬। জনাব শাহেদ আলী, অভিনেতা

৭। জনাব খালেদ আহমেদ সালেহীন, নির্মাতা, অভিনেতা ও প্রযোজক

৮। জনাব এমএ সালাম সুমন, অভিনেতা

৯। কাজী মোঃ খলিলুর রহমান, নাট্যকার, পরিচালক ও প্রযোজক

১০। জনাব কামরুল হাসান দর্পন, গণমাধ্যমকর্মী

১১। জনাব খালেদ এনাম মুন্না, সংস্কৃতিকর্মী

১২। জনাব আইরিন, অভিনেত্রী ও নির্মাতা

১৩। জনাব জিয়াসমিন আক্তার জাহান, অভিনেত্রী ও নির্মাতা

১৪। জনাব আদনান আজাদ, নির্মাতা

সদস্য-সচিব

১৫। পরিচালক (অনুষ্ঠান ও পরিকল্পনা), বাংলাদেশ টেলিভিশন

কমিটির কার্যপরিধি ও শর্তাবলি নিম্নরূপ

১) এ কমিটি বহিরাগত নির্মাতাদের অনুষ্ঠান যাচাই-বাছাই করে অনুষ্ঠানের প্রচার উপযোগিতা সম্পর্কে সুপারিশ প্রদান করবে;

২) বাংলাদেশ টেলিভিশনের মহাপরিচালকের অনুপস্থিতিতে তাঁর মনোনীত উপযুক্ত প্রতিনিধি সভায় সভাপতিত্ব করবেন;

৩) কমিটির কমপক্ষে ০৮ (আট) জন সদস্য উপস্থিত থাকলে কমিটির কোরাম পূর্ণ হবে;

৪) বাংলাদেশ টেলিভিশন ভবনের প্রিভিউ কক্ষে প্রয়োজন অনুযায়ী সভা/প্রিভিউ অনুষ্ঠিত হবে;

৫) বাংলাদেশ টেলিভিশন প্যাকেজ প্রিভিউ কমিটির কোনো সম্মানিত সদস্য বেসরকারি উদ্যোগে বিটিভির জন্য কোনো অনুষ্ঠান নির্মাণে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পৃক্ত থাকতে পারবেন না। তবে, বিটিভির নিজস্ব কোনো অনুষ্ঠানে অংশগ্রহণ/সম্পৃক্ততার ক্ষেত্রে বাংলাদেশ টেলিভিশন প্রিভিউ কমিটির সভাপতির অনুমোদন গ্রহণ করতে হবে; এবং

৬) কোনো সদস্যপদ শূন্য হলে মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন নতুন সদস্য অন্তর্ভুক্তির প্রস্তাব দিবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **১৫.০০.০০০০.০২৪.৩১.০০২.২৩-৮২৮(১২)**—বাংলায় ডাবিংকৃত বিদেশি সিরিয়াল/ধারাবাহিক সম্প্রচারের বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ১০ ডিসেম্বর ২০২৪ তারিখের ১৫.০০.০০০০. ০২৪.৩১.০০২.২৩-৭১৯(১২) সংখ্যক প্রজ্ঞাপনে গঠিত **'প্রিভিউ কমিটি'** সংশোধনপূর্বক নিম্নবর্ণিতভাবে পুনর্গঠন করা হলো:

সভাপতি

১। অতিরিক্ত সচিব, (সম্প্রচার), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

২। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/উপযুক্ত প্রতিনিধি

৩। মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট/উপযুক্ত প্রতিনিধি

৪। যুগ্মসচিব (টিভি), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

৫। এ্যাসোসিয়েশন অব টেলিভিশন চ্যানেল ওনার্স (এ্যাটকো)-এর ১জন উপযুক্ত প্রতিনিধি

৬। জনাব পিয়াল হাসান, সংগীত শিল্পী

৭। জনাব নাহিদ সুলতানা, সিনিয়র নিউজ প্রেজেন্টার, বাংলাভিশন

৮। জনাব দীন মোহাম্মদ মন্টু, পরিচালক ও অভিনেতা

৯। জনাব ইবতেসাম মাহমুদ শ্যামা, নির্মাতা ও ডাবিং আর্টিস্ট

১০। জনাব রাশেদ মামুনুর রহমান, অভিনেতা

১১। জনাব বুশরা আজাদ, সাংবাদিক ও ভয়েজ আর্টিস্ট

সদস্য-সচিব

১২। উপসচিব (টিভি-২), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

কমিটির কার্যপরিধি নিম্নরূপ

১। এ কমিটি টিভি চ্যানেলে প্রদর্শনের নিমিত্ত বাংলায় ডাবিংকৃত বিদেশি সিরিয়াল/ধারাবাহিক অনুষ্ঠান প্রিভিউপূবক যাচাই করে প্রচার উপযোগিতা সম্পর্কে সুপারিশ প্রদান করবে;

২। কমপক্ষে ০৭ (সাত) জন সদস্য উপস্থিত থাকলে কমিটির কোরাম পূর্ণ হবে;

৩। প্রতি সপ্তাহে প্রয়োজন অনুয়ায়ী মন্ত্রণালয়ের সভাকক্ষে প্রিভিউ সভা অনুষ্ঠিত হবে;

৪। পরপর ০৩(তিন) টি সভায় যুক্তিসংগত কারণ ছাড়া অনুপস্থিত থাকলে সদস্য পদ বাতিল বলে গণ্য হবে;

৫। কোনো সদস্যের পদ শূন্য হলে সভাপতি নতুন সদস্য অন্তর্ভুক্তির প্রস্তাব দিবে;

৬। কমিটির সদস্যগণ সরকারি নিয়মানুযায়ী সম্মানী প্রাপ্য হবেন; এবং

৭। প্রয়োজনে সদস্য কো-অপ্ট করা যাবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ওয়ালুল হক
সহকারী সচিব।

স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ আশ্বিন১৪৩৩/২৮ সেপ্টেম্বর ২০২৬

নং **৪৬.০০.০০০০.০০০.০৬৩.১১.০০০৩.২৫-৮৬২**—স্থানীয় সরকার বিভাগের ১৮ আগস্ট ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৬৩.২৭.০০০২.২৪-৯৯৮ নং প্রজ্ঞাপনের ২৪০ নং ক্রমিকে রাঙ্গুনীয়া পৌরসভায় প্রশাসক হিসেবে নিয়োগকৃত সহকারী কমিশনার (ভূমি), রাঙ্গুনীয়া, চট্টগ্রাম এর পরিবর্তে নিম্নবর্ণিত কর্মকর্তাকে পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত রাঙ্গুনীয়া পৌরসভার প্রশাসক হিসেবে নিয়োগ করা হলো:

জেলার নাম	পৌরসভার নাম	নিয়োগকৃত প্রশাসকের পদবি ও ঠিকানা
চট্টগ্রাম	রাঙ্গুনীয়া পৌরসভা	উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গুনীয়া, চট্টগ্রাম

২। নিয়োগকৃত প্রশাসক স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) আইন, ২০২৬ এর ধারা ৪২ (ক) এর উপধারা (৩) মোতাবেক পৌরসভার মেয়র এর ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন।

৩। নিয়োগকৃত প্রশাসক নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে এ দায়িত্ব পালন করবেন। দায়িত্ব পালনকালীন তিনি বিধি মোতাবেক দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন। এছাড়া, অন্য কোনো আর্থিক ও অন্যান্য সুবিধা প্রাপ্য হবেন না।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড.শাহেদ মোস্তফা
যুগ্মসচিব।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অনুবিভাগ-১
প্রশাসন শাখা-১

প্রজ্ঞাপন

তারিখ: ০৯ আশ্বিন১৪৩৩/১৪ সেপ্টেম্বর ২০২৬

নং **২৫.০০.০০০০.০০১.১২২.২৭.০০০৪.২৬-৩৮০**—যেহেতু, জনাব মোঃ আরিফুল ইসলাম, উপ-বিভাগীয় প্রকৌশলী, বগুড়া গণপূর্ত উপ-বিভাগ-২, বগুড়ায় কর্মরত থাকালীন সময়ে গত ২৫ জুন ২০২৪ তারিখ দিবাগত রাত ৩.০৫ ঘটিকায় বগুড়া জেলা কারাগার থেকে ০৪ জন মৃত্যুদণ্ডাদেশ প্রাপ্ত কয়েদি পলায়নের ঘটনা ঘটে। উক্ত ঘটনায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক একটি তদন্ত কমিটি গঠিত হয়। তদন্ত কমিটির প্রতিবেদনে উল্লেখ করা হয় যে, গত ০৭-০২-২০২৪ তারিখে তার প্রদেয় প্রতিবেদন মোতাবেক বগুড়া জেলা কারাগারের ভবনসমূহকে বিভিন্ন মেয়াদে মেরামত/ সংস্কার করে বসবাসের উপযোগী করা হয়েছে এবং আপাত:দৃষ্টিতে কোনো ভবন অধিক ঝুঁকিপূর্ণ বলে প্রতীয়মান হয় না যার প্রেক্ষিতে জেল সুপার জাফলং সেলে মৃত্যুদণ্ডাদেশ প্রাপ্ত কয়েদি রেখে দেন। কিন্তু পরবর্তীতে এ ধরণের অনাকাঙ্খিত পরিস্থিতির উদ্ভব হয়। তার এরূপ কার্যক্রমে দায়িত্ব পালনে অবহেলা ও পেশগত অদক্ষতা প্রকাশ পায়। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর দায়ে ০১/২০২৬ নম্বর বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আরিফুল ইসলাম, উপ-বিভাগীয় প্রকৌশলী গত ২৩-০২-২০২৬ তারিখে লিখিত জবাব দাখিল করেন। গত ১৫-০৪-২০২৬ তারিখে অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানি অন্তে বিভাগীয় মামলাটি তদন্ত করার লক্ষ্যে এ মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব (বর্তমানে উপসচিব), জনাব মোহাম্মদ কায়সার খসরুকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে 'গত ২৫ জুন ২০২৪ তারিখ দিবাগত রাত ৩.০৫ ঘটিকায় বগুড়া জেলা কারাগার থেকে ০৪ জন মৃত্যুদণ্ডাদেশ প্রাপ্ত কয়েদি পলায়নের ঘটনায় উল্লিখিত ব্যক্তিবর্গের বক্তব্য ও নথি-পত্রাদি পর্যালোচনায় জনাব মো: আরিফুল ইসলাম, উপ-বিভাগীয় প্রকৌশলী, বগুড়া গণপূর্ত উপ-বিভাগ-২, বগুড়া এর বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিক সভ্যতা পাওয়া যায়নি' মর্মে মতামত প্রদান করা হয়েছে।

৩। সেহেতু, জনাব মোঃ আরিফুল ইসলাম, উপ-বিভাগীয় প্রকৌশলী, বগুড়া গণপূর্ত উপ-বিভাগ-২, বগুড়া (বর্তমানে মিরপুর গণপূর্ত উপ-বিভাগ-১, ঢাকা)-এর বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিক সত্যতা না পাওয়ায়, অভিযুক্ত কর্মকর্তা এর বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি, দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনা এবং বক্তব্য শ্রবণ করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত ০১/২০২৬ নম্বর বিভাগীয় মামলা হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মো: ওবায়দুর রহমান
সচিব।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
আনসার-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩৩/০৩ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: 'বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের প্রশিক্ষণকালীন শারীরিক অসুস্থতা সংক্রান্ত সাময়িক অব্যাহতি, রেলিগেশন ও স্থায়ী অব্যাহতি নীতিমালা-২০২৬' অনুমোদন।

সূত্র: আনসার ও ভিডিপি অধিদপ্তরের স্মারক নম্বর-৪৪.০৩.০০০০.০০০.০১১.০০৬৩.০৯-১৬১৮, তারিখ: ১৫-০৭-২০২৬খ্রি.

নং **৪৪.০০.০০০০.০০০.১১৪.২২.০০০২.২৬-১৩৪**—উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের প্রশিক্ষণকালীন শারীরিক অসুস্থতা সংক্রান্ত সাময়িক অব্যাহতি, রেলিগেশন ও স্থায়ী অব্যাহতি নীতিমালা-২০২৬' অনুমোদিত হয়েছে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নাইমা আফরোজ ইমা
উপসচিব।

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের প্রশিক্ষণকালীন শারীরিক অসুস্থতা সংক্রান্ত সাময়িক অব্যাহতি রেলিগেশন ও স্থায়ী অব্যাহতি নীতিমালা-২০২৬

প্রস্তাবনা:

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের পেশাগত দক্ষতা, শারীরিক সক্ষমতা, মানসিক দৃঢ়তা এবং শৃঙ্খলা বিকাশের লক্ষ্যে বিভিন্ন মৌলিক, পেশাভিত্তিক ও বিশেষায়িত প্রশিক্ষণ পরিচালিত হয়ে থাকে। এসব প্রশিক্ষণে অংশগ্রহণকারী সদস্যদের প্রশিক্ষণ কার্যক্রমে সফলভাবে সম্পন্ন করার জন্য নির্ধারিত শারীরিক সক্ষমতা বজায় রাখা অপরিহার্য।

প্রশিক্ষণের সময় কোনো সদস্য দুর্ঘটনা, অসুস্থতা, আকস্মিক শারীরিক জটিলতা কিংবা চিকিৎসাগত কারণে সাময়িক বা দীর্ঘমেয়াদে প্রশিক্ষণ গ্রহণে অক্ষম হতে পারেন। এ ধরনের পরিস্থিতিতে যথাযথ চিকিৎস নিশ্চিতকরণ, প্রশিক্ষণার্থীর অধিকার সংরক্ষণ, প্রশিক্ষণের মান বজায় রাখা এবং প্রশাসনিক কার্যক্রমে স্বচ্ছতা, ন্যায়সংগতা ও অভিন্নতা প্রতিষ্ঠার লক্ষ্যে সুস্পষ্ট নির্দেশনার প্রয়োজন।

এ প্রেক্ষাপটে প্রশিক্ষণকালীন শারীরিক অসুস্থতার কারণে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের প্রশিক্ষণ হতে সাময়িক অব্যাহতি, রেলিগেশন (Relegation) ও অব্যাহতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি, চিকিৎসা বোর্ডের ভূমিকা, পুনঃপ্রশিক্ষণের সুযোগ এবং সংশ্লিষ্ট প্রশাসনিক কার্যক্রমে সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য পূর্ণাঙ্গ প্রশিক্ষণ নীতিমালা না থাকায় বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের প্রশিক্ষণকালীন শারীরিক অসুস্থতা সংক্রান্ত সাময়িক অব্যাহতি, রেলিগেশন ও স্থায়ী অব্যাহতি নীতিমালা-২০২৬ প্রণয়ন করা হলো।

১। নীতিমালার উদ্দেশ্য:

এই নীমিমালার উদ্দেশ্য হলো:

(ক) প্রশিক্ষণার্থীদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করা;

(খ) প্রশিক্ষণকালীন শারীরিক অসুস্থতাজনিত কারণে প্রশিক্ষণার্থীদের যথাযথ চিকিৎসা নিশ্চিত করা;

(গ) শারীরিক অসুস্থতাজনিত কারণে প্রশিক্ষণ কার্যক্রমে সাময়িক বা দীর্ঘমেয়াদি অংশগ্রহণে অক্ষম সদস্যদের ক্ষেত্রে ন্যায়সংগত ও অভিন্ন পদ্ধতিতে সিদ্ধান্ত গ্রহণ নিশ্চিত করা;

(ঘ) যৌক্তিক ও চিকিৎসাগতভাবে সমর্থিত কারণ ব্যতীত কোনো প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ হতে বাদ না দিয়ে তার অধিকার ও প্রাপ্য সুযোগ সংরক্ষণ করা;

(ঙ) মেডিকেল বোর্ড/কমিটির মতামতের ভিত্তিতে প্রশিক্ষণ সম্পন্নে সক্ষম সদস্যদের পুনরায় প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ প্রদান করা;

(চ) প্রশিক্ষণ ব্যবস্থাপনায় শৃঙ্খলা, স্বচ্ছতা, জবাবদিহিতা, ন্যায়সংগতা ও প্রশাসনিক কার্যকারিতা নিশ্চিত করা; এবং

(ছ) প্রশিক্ষণ প্রতিষ্ঠান, মেডিকেল বোর্ড/কমিটি এবং ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষের দায়িত্ব, কর্তব্য ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রসমূহ সুস্পষ্টভাবে নির্ধারণ করা।

২। নীতিমালার প্রযোজ্যতা:

এই নীতিমালা বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষাবাহিনীর সকল রিক্রুট, মৌলিক, সতেজকরণ, উন্নত ও বিশেষ প্রশিক্ষণরত সদস্যদের ক্ষেত্রে প্রযোজ্য হবে। বিশেষ করে:

(ক) রিক্রুট ট্রেনিং

(খ) মৌলিক প্রশিক্ষণ;

(গ) ট্রেড/পেশগত প্রশিক্ষণ; এবং

(ঘ) সকল আবাসিক প্রশিক্ষণ ও অন্যান্য

৩। শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন:

(ক) শিরোনাম এই নীতিমালা "বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের প্রশিক্ষণকালীন শারীরিক অসুস্থতা সংক্রান্ত সাময়িক অব্যাহতি, রেলিগেশন ও অব্যাহতি নীতিমালা, ২০২৬" নামে অভিহিত হবে।

(খ) প্রয়োগ প্রশিক্ষণকালীন শারীরিক অসুস্থতা, দুর্ঘটনাজনিত আঘাত বা স্বাস্থ্যগত অন্যান্য কারণে প্রশিক্ষণ অব্যাহত রাখতে অসমর্থ হলে সাময়িক অব্যাহতি, রেলিগেশন অথবা স্থায়ী অব্যাহতি প্রদানের ক্ষেত্রে এ নীতিমালা অনুসরণ করা হবে।

(গ) **প্রবর্তন:** এই নীতিমালা জারির তারিখ হতে কার্যকর হবে।

৪। সংজ্ঞা:

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে, এই নীতিমালা ব্যবহৃত শব্দসমূহের অর্থ নিম্নরূপ হবে;

(১) **"বাহিনী"** বলতে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীকে বোঝাবে।

(২) **"মহাপরিচালক"** অর্থ আনসার বাহিনী আইন,১৯৯৫ এর ধারা ২ (ঘ) এ সংজ্ঞায়িত মহাপরিচালক।

(৩) **"রেঞ্জ"** অর্থ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মাঠ পর্যায়ের উপমহাপরিচালক/পরিচালকের কার্যালয়।

(৪) **"জেলা"** অর্থ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মাঠ পর্যায়ের মাঠ পর্যায়ের উপপরিচালক/জেলা কমাণ্ড্যান্টের কার্যালয়।

(৫) **"কর্তৃপক্ষ"** অর্থ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহাপরিচলক ও তাহার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা।

(৬) **"সদর দপ্তর"** বলতে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তরকে বোঝাবে।

(৭) **"ইউনিট"** বলতে মোতায়েন অংগীভূত আনসার সদস্যদের পরিচালনার জন্য বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর রেঞ্জ, ব্যাটালিয়ন, জেলা, ভিটিসি, টিটিসি, উপজেলা ইত্যাদিকে বোঝাবে।

(৮) **"প্রশিক্ষণ পরিদপ্তর"** বলতে অংগীভূত আনসার সদস্যদের প্রশিক্ষণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তত্ত্বাবধায়ন ও পরিচালনার দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তরের পরিদপ্তরকে বোঝাবে।

(৯) **"মেডিকেল বোর্ড/কমিটি":** মেডিকেল বোর্ড/ কমিটি বলতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক গঠিত এমন একটি চিকিৎসা মূল্যায়নকারী বোর্ড বা কমিটি বোঝাবে।

(১০) **"শারীরিক অসুস্থতা":** শারীরিক অসুস্থতা অর্থ এমন কোনো রোগ ব্যাধি, শারীরিক অক্ষমতা, আঘাত দুর্ঘটনাজনিত ক্ষতি, সংক্রমণ জন্মগত বা শারীরিক ত্রুটি অথবা অন্য কোনো স্বাস্থ্যগত অবস্থাকে বোঝাবে, যা নিবন্ধিত চিকিৎসক বা মেডিকেল বোর্ড/কমিটি কর্তৃক প্রত্যায়িত এবং যার ফলে কোনো প্রশিক্ষণার্থী নির্ধারিত প্রশিক্ষণ কার্যক্রমে সম্পূর্ণ বা আংশিকভাবে অংশগ্রহণ করতে অক্ষম হয় অথবা প্রশিক্ষণ অব্যাহত রাখা তার স্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ বিবেচিত হয়।

(১১) **সাময়িক অব্যাহতি (Temporary Exemption):** সাময়িক অব্যাহতি বলতে প্রশিক্ষণকালীন কোনো প্রশিক্ষণার্থী শারীরিক অসুস্থতা, আঘাত, দুর্ঘটনা বা চিকিৎসাজনিক কারণে নির্ধারিত সময়ের জন্য প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণে অক্ষম হলে, নিবন্ধিত চিকিৎসক বা মেডিকেল বোর্ডের সুপারিশের ভিত্তিতে তাকে সাময়িকভাবে প্রশিক্ষণ কার্যক্রম থেকে অব্যাহতি প্রদানকে বোঝাবে।

(১২) **রেলিগেশন (Relegation):** রেলিগেশন বলতে প্রশিক্ষণকালীন কোনো প্রশিক্ষণার্থী শারীরিক অসুস্থতা, আঘাত, দুর্ঘটনা বা অন্যান্য চিকিৎসাগত কারণে নির্ধারিত প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করতে অসমর্থ হলে এবং পরবর্তীতে সুস্থ হয়ে প্রশিক্ষণ গ্রহণের সম্ভবনা থাকলে, মেডিকেল বোর্ড বা উপযুক্ত কর্তৃপক্ষের সুপারিশক্রমে তাকে বর্তমান প্রশিক্ষণ ব্যাচ হতে অপসারণ করে পরবর্তী উপযুক্ত ব্যাচ বা কোর্সে পুনরায় প্রশিক্ষণ গ্রহণের জন্য স্থানান্তর করাকে বোঝাবে।

(১৩) **স্থায়ী অব্যাহতি (Permanent Exemption):** স্থায়ী অব্যাহতি বলতে প্রশিক্ষণকালীন কোনো প্রশিক্ষণার্থী গুরুতর শারীরিক অসুস্থতা, স্থায়ী শারীরিক অক্ষমতা, জটিল আঘাত, দীর্ঘমেয়াদি রোগ বা অন্যান্য চিকিৎসাগত কারণে মেডিকেল বোর্ড কর্তৃক প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য স্থায়ীভাবে অনুপযুক্ত বিবেচিত হলে, তাকে সংশ্লিষ্ট প্রশিক্ষণ কোর্স হতে চূড়ান্তভাবে অব্যাহতি প্রদানকে বোঝাবে।

(১৪) **ইউনিটে ফেরত পাঠানো (Return to Unit):** কোনো প্রশিক্ষণার্থী ইচ্ছাকৃতভাবে প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ না করলে, প্রশিক্ষণ কেন্দ্র থেকে পালায়ন করলে, শারীরিক অসুস্থতাজনিত কারনে, শৃঙ্খলা ভংগের কারনে অথবা অন্যান্য যৌক্তিক কারণে প্রশিক্ষণ গ্রহণের জন্য অনুপযুক্ত বিবেচিত হলে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে তাকে প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে তার মূল ইউনিটে প্রত্যাবর্তনের নির্দেশ প্রদানকে বোঝাবে।

৫। মেডিকেল বোর্ড/কমিটি

মেডিকেল বোর্ড/কমিটি প্রশিক্ষণার্থীর শারীরিক ও মানসিক স্বাস্থ্যগত অবস্থা পরীক্ষা -নিরীক্ষা, চিকিৎসা-সংক্রান্ত নথি পর্যালোচনা এবং প্রশিক্ষণে অংশগ্রহণের উপযুক্ততা, সাময়িক অব্যাহতি, রেলিগেশন, অব্যাহতি বা ইউনিটে ফেরত প্রেরণ বিষয়ে প্রয়োজনীয় মতামত ও সুপারিশ প্রদান করে।

মেডিকেল বোর্ড বা কমিটির গঠনরূপ হবে:

ক। **আনসার ও ভিডিপি একাডেমির ক্ষেত্রে:**

মেডিকেল বোর্ড/কমিটি হবে ০৩ সদস্য বিশিষ্ট

(১) সংশ্লিষ্ট প্রশিক্ষক প্রতিনিধি-০১ জন

(২) আনসার ভিডিপি হাসপাতালের চিকিৎসক-০২ জন

খ। **আনসার ও ভিডিপি একাডেমি ব্যতিত অন্যান্য ইউনিটের ক্ষেত্রে:**

মেডিকেল বোর্ড বা কমিটির গঠন ০৩ সদস্য বিশিষ্ট হবে:

(১) জেলা/উপজেলা পর্যায়ের মেডিকেল অফিসার-০১ জন (নিবন্ধিত চিকিৎসক)

(২) রেঞ্জ/জেলা/উপজেলা আনসার ভিডিপির সংশ্লিষ্ট প্রশিক্ষক প্রতিনিধি-০১

(৩) সংশ্লিষ্ট আনসার ভিডিপি রেঞ্জ কার্যালয়ের মেডিকেল অ্যাসিস্ট্যান্ট-০১ জন

৬। শারীরিক অসুস্থতার শ্রেণিবিভাগ ও ব্যবস্থাপনা:

(১) শারীরিক অসুস্থতার শ্রেণিবিভাগ:

(ক) স্বল্পমেয়াদি অসুস্থতা:

স্বল্পমেয়াদি অসুস্থতা বলতে নিবন্ধিত চিকিৎসক বা মেডিকেল বোর্ড/কমিটি কর্তৃক প্রত্যয়নকৃত এমন শারীরিক অসুস্থতা বা স্বাস্থ্যগত অবস্থাকে বোঝাবে, যা সাধারণত অস্থায়ী প্রকৃতির এবং উপযুক্ত চিকিৎসা ও প্রয়োজনীয় বিশ্রামের মাধ্যমে স্বল্প সময়ের মধ্যে সম্পূর্ণ বা উল্লেখযোগ্যভাবে নিরাময়যোগ্য যা সাময়িকভাবে প্রশিক্ষণে অংশগ্রহণে প্রতিবন্ধকতা সৃষ্টি করলেও প্রশিক্ষণার্থীর স্থায়ী শারীরিক অক্ষমতা বা কর্মক্ষমতার স্থায়ী অবক্ষয় ঘটায় না।

নিম্নবর্ণিত অসুস্থতা "স্বল্পমেয়াদি অসুস্থতার"অন্তর্ভুক্ত হবে:

i. জ্বর (সাধারণ, ভাইরাল বা অন্যান্য);

ii. ভাইরাল বা সাধারণ সংক্রমণ;

iii. হালকা আঘাত (Minor Injury)

iv. পেশি টান (Muscle Strain);

v. সাময়িক শ্বাসকষ্ট;

vi. শারীরিক দুর্বলতা;

vii. উচ্চ রক্তচাপ (Hypertension) এবং অন্যান্য অনুরূপ রোগ।

(খ) মধ্যমেয়াদি অসুস্থতা:

মধ্যমেয়াদি অসুস্থতা বলতে নিবন্ধিত চিকিৎসক বা মেডিকেল বোর্ড/কমিটি কর্তৃক প্রত্যয়নকৃত এমন শারীরিক অসুস্থতা, আঘাত বা স্বাস্থ্যগত অবস্থাকে বোঝাবে, যার ফলে কোনো প্রশিক্ষণার্থী একটা সময়ের জন্য প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণে অক্ষম হয়ে পড়ে এবং সুস্থ হয়ে পুনরায় প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অপেক্ষাকৃত দীর্ঘ সময়ের চিকিৎসা, পুনর্বাসন বা বিশ্রামের প্রয়োজন হয়।

মধ্যমেয়াদি অসুস্থতার অন্তর্ভুক্ত হবে—

i. হালকা বা মাঝারি মাত্রার অস্থিভঙ্গ (Fracture);

ii. লিগামেন্ট বা টেনডনের আঘাত (Ligament/ Tendon Injury);

iii. দীর্ঘস্থায়ী বা পুনরাবৃত শ্বাসজনিত সমস্যা;

iv. অস্ত্রোপচারের প্রয়োজন হয় এমন রোগ বা আঘাত, যার পর পুনর্বাসনের প্রয়োজন হয়; এবং

v. মাঝারী মাত্রার জয়েন্ট বা মাংসপেশির আঘাত এবং অন্যান্য অনুরূপ রোগ।

(গ) দীর্ঘমেয়াদি অসুস্থতা:

দীর্ঘমেয়াদি অসুস্থতা বলতে নিবন্ধিত চিকিৎসক বা মেডিকেল বোর্ড/কমিটি কর্তৃক প্রত্যয়নকৃত এমন শারীরিক অসুস্থতা, আঘাত রোগ বা স্বাস্থ্যগত অবস্থাকে বোঝাবে, যার কারণে কোনো প্রশিক্ষণার্থী দীর্ঘ সময়ের জন্য অথবা স্থায়ীভাবে প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণে অক্ষম হয় এবং যার সম্পূর্ণ আরোগ্য লাভ অনিশ্চিত অথবা দীর্ঘমেয়াদি চিকিৎসা, পুনর্বাসন কিংবা বিশেষায়িত চিকিৎসা ব্যবস্থাপনার প্রয়োজন হয়।

দীর্ঘমেয়াদি অসুস্থতার অন্তর্ভুক্ত হবে:

i. গুরুতর অস্থিভঙ্গ (Major Fracture) বা জটিল অর্থোপেডিক আঘাত;

ii. স্থায়ী বা আংশিক স্থায়ী শারীরিক অক্ষমতা (Permanent Physical Disability);

iii. গুরুতর হৃদরোগ বা হৃদযন্ত্রের জটিলতা;

iv. দীর্ঘস্থায়ী নিউরোলজিক্যাল বা স্নায়বিক রোগ;

v. জটিল অস্ত্রোপচারের প্রয়োজন হয় এমন রোগ বা আঘাত, যার জন্য দীর্ঘমেয়াদি পুনর্বাসন প্রয়োজন;

vi. দীঘস্থায়ী কিডনি, লিভার বা ফুসফুসজনিত গুরুতর রোগ; এবং

vii. ক্যান্সার বা অন্যান্য গুরুতর রোগ; এবং

(২) ব্যবস্থাপনা:

প্রশিক্ষণকালীন কোনো প্রশিক্ষণার্থীর শারীরিক অসুস্থতা, আঘাত বা স্বাস্থ্যগত জটিলতা পরিলক্ষিত হলে নিবন্ধিত চিকিৎসক অথবা মেডিকেল বোর্ড/কমিটি মতামতের ভিত্তিতে নিম্নোক্ত শ্রেণিবিভাগ অনুযায়ী প্রয়োজনীয় প্রশাসনিক ও প্রশিক্ষণগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ক্রমিক	শারীরিক অসুস্থতার শ্রেণিবিভাগ	ব্যবস্থাপনা	কার্যক্রম
i	স্বল্পমেয়াদি অসুস্থতা	নিবন্ধিত চিকিৎকের ব্যবস্থাপত্র বা পরামর্শ অনুযায়ী নির্ধারিত সময়ের জন্য বিশ্রাম প্রদান এবং প্রয়োজন অনুসারে প্রশিক্ষণ কার্যক্রমে সীমিত অংশগ্রহণের সুযোগ প্রদান।	প্রশিক্ষণ সমাপ্তির পর অতিরিক্ত সময় প্রশিক্ষণ কেন্দ্রে অবস্থানপূর্বক অসুস্থতাজনিত কারণে বাদ পড়া ইভেন্ট বা কার্যক্রমগুলো সম্পন্ন করতে হবে।
ii	মধ্যমেয়াদি অসুস্থতা	মেডিকেল বোর্ড/কমিটির মতামত বা সুপারিশের ভিত্তিতে সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীকে চলমান ব্যাচ হতে রেলিগেট (Relegate) করা হবে এবং পরবর্তী উপযুক্ত ব্যাচে পুনরায় প্রশিক্ষণের জন্য অন্তর্ভুক্ত করা।	অসুস্থতাজনিত কারনে বাদ পড়া প্রশিক্ষণের অসম্পূর্ণ ইভেন্ট বা কার্যক্রমগুলো পরবর্তী প্রশিক্ষণ ব্যাচের সাথে সম্পন্ন করতে হবে।
iii	দীর্ঘমেয়াদি অসুস্থতা	মেডিকেল বোর্ড/কমিটির মতামত বা সুপারিশের ভিত্তিতে প্রশিক্ষণ থেকে স্থায়ী অব্যাহতি (Permanent Exemption) প্রদান করা এবং বাহিনীর প্রচলিত বিধি-বিধান অনুযায়ী পরবর্তী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা।	প্রশিক্ষণার্থী যদি প্রশিক্ষণ গ্রহণের জন্য অপরাগ হন বা চিকিৎসক কর্তৃক শারীরিকভাবে প্রশিক্ষণ গ্রহণে অসমর্থ্য প্রত্যয়নপ্রাপ্ত হয় তাহলে প্রশিক্ষণ হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করতে হবে।

৭। সাময়িক অব্যাহতি (Temporary Exemption):

(১) কোনো প্রশিক্ষণার্থী স্বল্পমেয়াদি অসুস্থতা আক্রান্ত হলে এবং নিবন্ধিত চিকিৎসক বা মেডিকেল বোর্ড/কমিটি সুপারিশ মোতাবেক নির্দিষ্ট সময়ের জন্য বিশ্রামের প্রয়োজন হলে সাময়িক অব্যাহতি প্রদান করা যাবে। সাময়িক অব্যাহতির মেয়াদ মোট প্রশিক্ষণ মেয়াদের সর্বোচ্চ ২৫% পর্যন্ত হবে, কোনো অবস্থাতেই এর অধিক হবে না।

(২) সাময়িক অব্যাহতি প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিবন্ধিত চিকিৎসক বা মেডিকেল বোর্ড/কমিটির লিখিত প্রত্যয়ন ও সুপারিশ গ্রহণ করতে হবে। সাময়িক অব্যাহতির মেয়াদ শেষে সদস্য পুনরায় মেডিকেল পরীক্ষায় উত্তীর্ণ হলে প্রশিক্ষণে যোগদান করতে পারবেন। এ ক্ষেত্রে,

(ক) প্রশিক্ষণার্থীগণ একটি কোর্সে শুধুমাত্র একবারের জন্যই প্রশিক্ষণ সম্পন্ন করার সাময়িক অব্যাহতি সুযোগ পাবেন।

(খ) সুস্থতা নিশ্চিত হলে পুনরায় প্রশিক্ষণে যোগদান বাধ্যতামূলক।

(৩) প্রশিক্ষণ সমাপ্তির পর অতিরিক্ত সময় প্রশিক্ষণ কেন্দ্রে অবস্থানকালে অসুস্থতাজনিত কারণে বাদ পড়া ইভেন্ট বা কার্যক্রমগুলো সম্পন্ন করতে হবে। ঐ সময় প্রশিক্ষণার্থী যদি আবারও শারীরিক অসুস্থতাজনিত কারণে প্রশিক্ষণ কার্যক্রমে নিয়মিত অংশগ্রহণ করতে না পারে, তাহলে চিকিৎসকের পরামর্শক্রমে চলমান প্রশিক্ষণ হতে রেলিগেশন (Relegation) প্রদান করতে হবে।

৮। রেলিগেশন (Relegation):

(ক) কোনো সদস্য দীর্ঘমেয়াদি অসুস্থতায় আক্রান্ত হলে এবং চলমান ব্যাচে প্রশিক্ষণ সম্পন্ন করা সম্ভব না হলে, তাকে পরবর্তী ব্যাচে রেলিগেশন করা যাবে। রেলিগেশন শুধুমাত্র মেডিকেল বোর্ড ও প্রশিক্ষণ কেন্দ্রের প্রধান কর্তৃক অনুমোদিত হলে কার্যকর হবে। রেলিগেটকৃত সদস্য সুস্থ হয়ে পরবর্তী নির্ধারিত ব্যাচে প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ পাবেন।

(খ) কোনো প্রশিক্ষণার্থী অসুস্থতার কারণে নির্ধারিত ব্যাচে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে সক্ষম না হন বা প্রশিক্ষণে অংশগ্রহণের পর অসুস্থতাজনিত কারণের প্রশিক্ষণের যে সকল ইভেন্ট বা কার্যক্রমে অংশগ্রহণ করতে পারেনি, সে সকল ইভেন্ট বা কার্যক্রম সম্পন্ন করতে যদি মোট প্রশিক্ষণ মেয়াদের ২৫% এর অধিক সময় প্রয়োজন হয় বা প্রশিক্ষণ কেন্দ্রে অবস্থান করতে হয়, তাহলে তাকে রেলিগেট করতে হবে। পরবর্তী উপযুক্ত ব্যাচে পুনরায় প্রশিক্ষণের জন্য অন্তর্ভুক্ত করতে হবে।

(গ) প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ রেকর্ড সংরক্ষিত রাখতে হবে।

(ঘ) একজন প্রশিক্ষণার্থী রেলিগেট হওয়ার পর শুধুমাত্র একবারই প্রশিক্ষণ সম্পন্ন করার সুযোগ পাবেন। কোনো অবস্থাতেই তাকে শারীরিক অসুস্থতাজনিত বা অন্যান্য কারণে উক্ত প্রশিক্ষণ হতে পুনরায় রেলিগেট করা যাবে না। এরূপ ক্ষেত্রে ঐ প্রশিক্ষণার্থীকে উক্ত প্রশিক্ষণ হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করতে হবে।

(ঙ) রেলিগেশনকে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে গণ্য করা যাবে না।

৯। স্থায়ী অব্যাহতি (Permanent Exemption):

(ক) কোনো প্রশিক্ষণার্থী যদি এমন শারীরিক বা মানসিক অসুস্থতায় আক্রান্ত হন, যার ফলে তিনি নিয়মিত/নির্ধারিত ব্যাচে প্রশিক্ষণ করতে অসমর্থ হন বা সাময়িক অব্যাহতি বা রেলিগেট হওয়ার পর নির্ধারিত সময়ের মধ্যে প্রশিক্ষণ সম্পন্ন করতে অসমর্থ হন, তখন তাকে স্থায়ীভাবে প্রশিক্ষণ হতে স্থায়ী অব্যাহতি প্রদান করা হবে।

(খ) স্থায়ী অব্যাহতির জন্য অবশ্যই এই নীতিমালায় বর্ণিত সংশ্লিষ্ট মেডিকেল বোর্ড/কমিটির লিখিত সুপারিশ থাকতে হবে। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর প্রশিক্ষণ শাখা হতে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্ত হতে হবে।

(গ) অব্যাহতি প্রাপ্ত প্রশিক্ষণার্থ প্রশিক্ষণ হতে স্থায়ীভাবে অপসারিত হবেন।

১০। ইউনিটে ফেরত পাঠানো (Return to Unit):

এই নীতিমালায় বর্ণিত শারীরিক অসুস্থতাজনিত কারনে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর প্রশিক্ষণ পরিদপ্তরের সংশ্লিষ্ট শাখার অনুমোদন সাপেক্ষে কোনো প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ হতে মাতৃ ইউনিটে ফেরত পাঠানো (Return to Unit) করা যাবে।

কর্তৃপক্ষ ও অনুমোদন:

ইউনিটে ফেরত পাঠানো (Return to Unit)-এর ক্ষেত্রে নিম্নোক্ত পন্থায় সুপারিশ, যাচাই ও অনুমোদন গ্রহণ সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ক) প্রাথমিক সুপারিশ: সংশ্লিষ্ট মেডিকেল বোর্ড/ কমিটি

খ) যাচাই ও সিদ্ধান্ত: সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রের কমান্ড্যান্ট/প্রধান

গ) চূড়ান্ত অনুমোদন: সংশ্লিষ্ট প্রশিক্ষণ ইউনিট/ সদর দপ্তর প্রশিক্ষণ পরিদপ্তরের সংশ্লিষ্ট শাখা।

১১। নথিপত্র সংরক্ষণ:

সাময়িক অব্যাহতি বা রেলিগেশন বা অব্যাহতি ও ইউনিটে ফেরত পাঠানো (Return to Unit) সংক্রান্ত সকল মেডিকেল রিপোর্ট, আদেশ ও সিদ্ধান্ত সদস্যের ব্যক্তিগত ফাইলে সংরক্ষণ করতে হবে।

১২। বিশেষ বিধান:

অসুস্থতার অজুহাতে মিথ্যা তথ্য প্রদান প্রমাণিত হলে বাহিনীর প্রচলিত বিধির প্রযোজ্যতা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। নৈতিক ও মানবিক দৃষ্টিভঙ্গি:

(ক) অসুস্থ সৈনিকের প্রতি সহানুভূতিশীল আচরণ নিশ্চিত করতে হবে|

(খ) প্রশিক্ষকদের দায়িত্ব থাকবে সদস্যদের মানসিক মনোবল অক্ষুণ্ন রাখা।

মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব।

শৃঙ্খলা-১ শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ০৭ আশ্বিন ১৪৩৩/২২ সেপ্টেম্বর ২০২৬

নং **৪৪.০০.০০০০.০৫৭.২৭.০২৭.২৫-৩৭০**—যেহেতু, জনাব গোলাম মোস্তফা রাসেল (বিপি-৭৬০৬১১৭৬০০), বর্তমানে সাময়িক বরখাস্ত ও বরিশাল রেঞ্জ ডিআইজি'র কার্যালয়ে সংযুক্ত এবং সাবেক পুলিশ সুপার, নারায়ণগঞ্জ গত ০১-০১-২০২৫ তারিখ হতে কর্মস্থলে গরহাজির রয়েছেন। কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ে বক্তব্য প্রদানের জন্য তাঁর হোয়াটস্অ্যাপে ও স্থায়ী ঠিকানায় পত্র প্রেরণ করা হলেও এ বিষয়ে তিনি লিখিত ও মৌখিকভাবে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করেননি এবং কর্মস্থলে যোগদান করেননি। এমনকি পরবর্তীতে তাঁকে কর্মস্থলে হাজির বা যোগদানের নিমিত্ত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে তাঁর বর্তমান/স্থায়ী ঠিকানা এবং ই-মেইল ঠিকানায় একাধিকবার যোগাযোগ করা হলেও অদ্যাবধি তিনি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তাঁর এহেন কর্মকান্ড সরকারি দায়িত্ব-কর্তব্য পালনে চরম অবহেলা ও সরকারি আইনানুগ আদেশ প্রতিপালনে অবজ্ঞা প্রদর্শন এবং বিভাগীয় শৃঙ্খলা পরিপন্থি, যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুসারে যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ। উল্লিখিত অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ অধিদপ্তর, ঢাকা হতে পত্র প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে গত ৩১-০৭-২০২৫ তারিখ তাঁর বিরুদ্ধে ০২৫/২০২৫ নং বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(খ) বিধি অনুযায়ী তাঁকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়; এবং

০২। যেহেতু, কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিলের জন্য নির্ধারিত সময় অতিবাহিত হলেও তিনি তাঁর লিখিত বক্তব্য/জবাব দাখিল করেননি। একইসাথে তিনি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী লিখিত বক্তব্য/জবাব দাখিলের জন্য সময় বৃদ্ধিরও কোনো আবেদন করেননি। তদপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের গুরুত্ব ও প্রকৃতি বিবেচনায় এবং অভিযোগসমূহ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপযোগ্য হবে মর্মে প্রতীয়মান হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি মোতাবেক অভিযোগসমূহ তদন্তের জন্য গত ১৫-০৯-২০২৫ তারিখ তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত শেষে গত ০৯-১২-২০২৫ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। উক্ত তদন্ত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুসারে যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়েছে; এবং

০৪। যেহেতু, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য প্রাসঙ্গিক দলিলপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) (ঘ) বিধি মোতাবেক কেন তাঁকে চাকুরী হইতে বরখাস্ত বা অন্য কোনো উপযুক্ত গুরুদণ্ড প্রদান করা হবে না তার জবাব দাখিলের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি মোতাবেক গত ২৫-০১-২০২৬ তারিখ ২য় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। তিনি ২য় কারণ দর্শানো নোটিশেরও জবাব দাখিল করেননি; এবং

০৫। যেহেতু, জনাব গোলাম মোস্তফা রাসেল (বিপি-৭৬০৬১১৭৬০০)-কে 'চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal from service)' সূচক গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়। অতঃপর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(১০) বিধি এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ এর প্রবিধি-৬ মোতাবেক গুরুদণ্ডের বিষয়ে গত ১২-০৭-২০২৬ তারিখ বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হয় । তদপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন তাঁকে 'চাকুরী হইতে বরখাস্তকরণ' সূচক গুরুদণ্ড আরোপ করা যায় মর্মে গত ১১-০৮-২০২৬ তারিখে পরামর্শ প্রদান করে; এবং

০৬। যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৬) বিধি অনুসারে নিয়োগকারী কর্তৃপক্ষ রাষ্ট্রপতি বিধায় এ বিভাগীয় মামলায় অভিযুক্তকে একই বিধিমালার ৪(৩) (ঘ) বিধি অনুযায়ী গত ০১-০১-২০২৫ তারিখ হতে 'চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal from service)' সূচক গুরুদণ্ড আরোপের নিমিত্ত গত ১৭-০৯-২০২৬ তারিখ রাষ্ট্রপতি কর্তৃক অনুমোদিত হয়েছে;

০৭। সেহেতু, জনাব গোলাম মোস্তফা রাসেল (বিপি-৭৬০৬১১৭৬০০), বর্তমানে সাময়িক বরখাস্ত ও বরিশাল রেঞ্জ ডিআইজি'র কার্যালয়ে সংযুক্ত এবং সাবেক পুলিশ সুপার, নারায়ণগঞ্জ-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) এবং ৩(গ) বিধি অনুসারে যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩) এর উপ-বিধি (১) (ঘ) অনুযায়ী **গত ০১-০১-২০২৫ তারিখ হতে তাঁকে 'চাকুরী হইতে বরখাস্তকরণ** (Dismissal from service)' গুরুদণ্ড প্রদান করা হলো ।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩৩/২৩ সেপ্টেম্বর ২০২৬

নং **৪৪.০০.০০০০.০৫৭.০২৭.০০৪.২৫-৩৭১**—যেহেতু, জনাব হাসান আরাফাত (বিপি-৮৩১০১২৬৮৭৪), বর্তমানে সাময়িক বরখাস্ত ও অতিরিক্ত পুলিশ সুপার (বর্তমানে সুপারনিউমারারি পুলিশ সুপার পদে পদোন্নতিপ্রাপ্ত), পুলিশ ট্রেনিং সেন্টার, খুলনা ইতঃপূর্বে অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা হিসাবে কর্মরত থাকাকালে গত ১৯-১০-২০২৪ তারিখ হতে শারীরিক অসুস্থতার জন্য স্কয়ার হাসপাতাল, ঢাকায় ভর্তি হয়ে চিকিৎসাধীন আছেন উল্লেখ করে পিটিসি'র কমান্ড্যান্টের নিকট অসুস্থতাজনিত ছুটির আবেদন করেন। তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে স্কয়ার হাসপাতাল, ঢাকায় পত্র প্রেরণ করা হলে উক্ত তারিখে হাসপাতালে তাঁর ভর্তির কোনো তথ্য পাওয়া যায়নি মর্মে হাসপাতাল কর্তৃপক্ষ অবহিত করে। পরবর্তীতে কর্মস্থলে হাজির হওয়ার জন্য তাঁর স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং ই-মেইল ঠিকানায় নোটিশ প্রদান করা হলেও তিনি উক্ত নোটিশের জবাব দাখিল করেননি। অর্থাৎ তিনি গত ১৯-১০-২০২৪ তারিখ হতে অদ্যাবধি যথাযথ কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তাঁর এহেন কর্মকাণ্ড সরকারি দায়িত্ব-কর্তব্য পালনে চরম অবহেলা ও সরকারি আইনানুগ আদেশ প্রতিপালনে অবজ্ঞা প্রদর্শন এবং বিভাগীয় শৃঙ্খলা পরিপন্থি, যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুসারে যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ। উল্লিখিত অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ অধিদপ্তর, ঢাকা হতে পত্র প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে গত ০২-০৩-২০২৫ তারিখ তাঁর বিরুদ্ধে ০০৪/২০২৫ নং বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(খ) বিধি অনুযায়ী তাঁকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়; এবং

০২। যেহেতু, কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিলের জন্য নির্ধারিত সময় অতিবাহিত হলেও তিনি তাঁর লিখিত বক্তব্য/জবাব দাখিল করেননি। একইসাথে তিনি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী লিখিত বক্তব্য/জবাব দাখিলের জন্য সময় বৃদ্ধিরও কোনো আবেদন করেননি। তদপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের গুরুত্ব ও প্রকৃতি বিবেচনায় এবং অভিযোগসমূহ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপযোগ্য হবে মর্মে প্রতীয়মান হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি মোতাবেক অভিযোগসমূহ তদন্তের জন্য গত ১৬-১০-২০২৫ তারিখ তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত শেষে গত ০৪-০১-২০২৬ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। উক্ত তদন্ত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুসারে যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়েছে; এবং

০৪। যেহেতু, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য প্রাসঙ্গিক দলিলপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) (ঘ) বিধি মোতাবেক কেন তাঁকে চাকুরী হইতে বরখাস্ত বা অন্য কোনো উপযুক্ত গুরুদণ্ড প্রদান করা হবে না তার জবাব দাখিলের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি মোতাবেক গত ০৫-০১-২০২৬ তারিখ ২য় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়| তিনি ২য় কারণ দর্শানো নোটিশেরও জবাব দাখিল করেননি; এবং

০৫। যেহেতু, জনাব হাসান আরাফাত (বিপি-৮৩১০১২৬৮৭৪)-কে 'চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal from service)' সূচক গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়। অতঃপর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(১০) বিধি এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ এর প্রবিধি-৬ মোতাবেক গুরুদণ্ডের বিষয়ে গত ১৪-০৭-২০২৬ তারিখ বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হয়। তদপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন তাঁকে 'চাকুরী হইতে বরখাস্তকরণ' সূচক গুরুদণ্ড আরোপ করা যায় মর্মে গত ১৯-০৮-২০২৬ তারিখে পরামর্শ প্রদান করে; এবং

০৬। যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন' -এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৬) বিধি অনুসারে নিয়োগকারী কর্তৃপক্ষ রাষ্ট্রপতি বিধায় এ বিভাগীয় মামলায় অভিযুক্তকে একই বিধিমালার ৪ (৩) (ঘ) বিধি অনুযায়ী গত ১৯-১০-২০২৪ তারিখ হতে 'চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal from service)' সূচক গুরুদণ্ড আরোপের নিমিত্ত গত ২০-০৯-২০২৬ তারিখ রাষ্ট্রপতি কর্তৃক অনুমোদিত হয়েছে;

০৭। সেহেতু, জনাব হাসান আরাফাত (বিপি-৮৩১০১২৬৮৭৪), বর্তমানে সাময়িক বরখাস্ত ও অতিরিক্ত পুলিশ সুপার (বর্তমানে সুপারনিউমারারি পুলিশ সুপার পদে পদোন্নতিপ্রাপ্ত), পুলিশ ট্রেনিং সেন্টার, খুলনা ও সাবেক অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) এবং ৩(গ) বিধি অনুসারে যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩) এর উপ-বিধি (১) (ঘ) অনুযায়ী গত ১৯-১০-২০২৪ তারিখ হতে তাঁকে 'চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal from service)' গুরুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব।

ভূমি মন্ত্রণালয়
অধিগ্রহণ-২ শাখা
এল.এ মামলা নং-২৬/১৯৬৯-৭০
ফরম-ঘ
সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫ (৭) ধারা মোতাবেক নোটিশ

তারিখ: ১৩ আশ্বিন ১৪৩৩/২৮ সেপ্টেম্বর ২০২৬

নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০০৪.২৬-১৭৬—যেহেতু, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরি) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৫-০৩-১৯৭০খ্রি.তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুমদখল করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক হুকুমদখল করা হইল।

তফসিল

জেলা-চট্টগ্রাম, উপজেলা-সীতাকুন্ড, মৌজা-মহাদেবপুর, জেল. এল নং-২৭

আর. এস. খতিয়ান নং	আর. এস. দাগ নং	আং/পূর্ণ	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর)
১১৬	৬০৬৪	আংশিক	০.০২০০
১১৮	৫৬২৪	আংশিক	০.১১০০
১২৭	৬২৯৬	আংশিক	০.০৪০০
১২৭	৬২৯৭	আংশিক	০.০৪০০
১৫৩	৬০৩০	আংশিক	০.০২০০
১৫৪	৬০৩১	আংশিক	০.০২০০
১৫৪	৬০৩৩	আংশিক	০.০২০০
১৮০	৫৬২০	আংশিক	০.০৬০০
২০৬	৬০৬৭	আংশিক	০.০৩০০
২০৭/১	৬০৯৩	আংশিক	০.০৭০০
২২৫	৬০৩৮	আংশিক	০.০৩০০
২৭৬	৬০৩৮	আংশিক	০.০১০০
২৪২	৬০৯৪	আংশিক	০.০৮০০
২৫৪	৬০৪০	আংশিক	০.০৪০০
২৫৫	৬০৬৫	আংশিক	০.০২০০
৩০৫	৬০৪৯	আংশিক	০.০০৫০
৩০৫	৬০৫০	আংশিক	০.০৫০০
৩০৬	৬১০৬	আংশিক	০.০২০০
৪২৭	৬০৪৮	আংশিক	০.০২০০
৪৩৩	৫৫৮৩	আংশিক	০.০৪০০
৫২১	৫৬৫৮	আংশিক	০.০৪০০
৫৭০	৬০৭৯	আংশিক	০.০৬০০
৬৪৩	৬০৩৪	আংশিক	০.০৩০০
৬৪৭	৬০৩৫	আংশিক	০.০৪০০
৬৪৯	৫৫৮২	আংশিক	০.০১০০
৭২২	৫৬২৭	আংশিক	০.০৩০০
৭২৭	৫৬২৬	আংশিক	০.০৪০০
৭২৮	৫৬২৮	আংশিক	০.০৪০০
৭৪২	৬১০৭	আংশিক	০.০৪০০
৭৪৪	৫৫৮৯	আংশিক	০.০৩০০
৭৪৭	৬১২২	আংশিক	০.০১০০
৭৪৮	৬১২০	আংশিক	০.০৭০০
৭৪৯	৬১১৯	আংশিক	০.০৫০০
৭৫৯	৫৬২৯	আংশিক	০.০৬০০
১১১৮	৫৫৮৬	আংশিক	০.০২০০
১১১৮	৫৫৮৭	আংশিক	০.০২০০
১১১৮	৫৫৮৮	আংশিক	০.০২০০
১২০৯	৬২৯০	আংশিক	০.০৪০০
১২৪৬	৬২৬৭	আংশিক	০.১০০০
১৪১২	৬২৯৩	আংশিক	০.১০০০
১৪১৫	৬৩৩৯	আংশিক	০.০৪০০
১৪১৫	৬৩৪০	আংশিক	০.০৮০০
১৪১৫	৬৩৪৪	আংশিক	০.০৯০০
১৪২২	৬২৯১	আংশিক	০.১০০০
১৪২২	৬২৯৫	আংশিক	০.০৫০০
১৪৩২	৬২৮৭	আংশিক	০.১০০০
১৪৪৮	৬২৮৯	আংশিক	০.০৩০০
১৫২৫	৬২৮৮	আংশিক	০.০২০০
১৫৩২	৬২৯৪	আংশিক	০.০৩০০
১৫৩৪	৬৩৩৮	আংশিক	০.০৭০০
১৬১৫	৬০৪৯/৬৭২০	আংশিক	০.০৫০০
১৬৭৪	৫৬৫৯	আংশিক	০.০২০০
১৬৭৬	৫৬৬০	আংশিক	০.০৪০০
১৬৭৮	৫৫৮১	আংশিক	০.০২০০
১৮২৬	৬৩৪৫	আংশিক	০.০১০০
১৮২৬	৬৩৪৭	আংশিক	০.০১০০
১৮২৭	৬৩৫২	আংশিক	০.০১০০
১৮২৭	৬৩৫৩	আংশিক	০.২৩০০
১৯৬৬	৬১০২	আংশিক	০.০৩০০
১৯৯৭	৬১০৩	আংশিক	০.০৭০০
২০৫০	৬২৯২	আংশিক	০.০৩০০
২০৭১	৬৩৩৪	আংশিক	০.০৭০০
২০৭৬	৬০৬২	আংশিক	০.০৭০০
		মোট =	**২.৮৬৫০ একর**

মোট জমির পরিমাণ = ২.৮৬৫০ একর (কম/বেশি)।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুহাম্মদ আব্দুল লতিফ
উপসচিব।

এল.এ মামলা নং- ৯৪/১৯৬৮-৬৯
ফরম-ঘ
সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫ (৭) ধারা মোতাবেক নোটিশ

তারিখ: ১৩ আশ্বিন ১৪৩৩/২৮ সেপ্টেম্বর ২০২৬

নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০০৪.২৬-১৭৬—যেহেতু, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরি) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ১৩-০২-১৯৬৯খ্রি.তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুমদখল করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক হুকুমদখল করা হইল।

তফসিল

জেলা-চট্টগ্রাম, উপজেলা-মীরসরাই, মৌজা-জয়পুর পূর্ব জোয়ার, জেল. এল নং-০১

আর.এস খতিয়ান নং	আর .এস. দাগ নং	আং/পূর্ণ	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর)
১৩৬১	২৩৩৭	পূর্ণ	০.০৬০০
৯৩৩	২৩৩৮	পূর্ণ	০.০৬০০
৬২২/১	২৩৩৯	পূর্ণ	০.২০০০
৯৩৬/১	২৩৩৯	পূর্ণ	০.১৪০০
৬০৭	২৩৭৩	পূর্ণ	০.১১০০
৯৩৩/৫	২৩৭৭	আংশিক	০.০২০০
৬৮৮/১	২৩৮০	আংশিক	০.০৬০০
৬০৭	২৩৮১	আংশিক	০.২২০০
৯৫১	২৩৮৫	আংশিক	০.১২০০
৯৫৮	২৩৮৮	আংশিক	০.১৬০০
৬৫০	২৩৮৯	আংশিক	০.০৪০০
৬৫০	২৩৯২	আংশিক	০.০২০০
৬৫১	২৩৯৩	পূর্ণ	০.০৯০০
৯৫৩	২৩৯৪	আংশিক	০.০৭০০
৯৫৭	২৩৯৭	আংশিক	০.১২০০
৯৫৪	২৩৯৮	আংশিক	০.০৮০০
৯৫৪	২৪০০	আংশিক	০.১২০০
৭১২/৩	২৪০৩	আংশিক	০.০৮০০
৭২৩	২৪০৪	পূর্ণ	০.০৩০০
৭১২	২৪০৫	পূর্ণ	০.০৯০০
৭১২	২৪০৯	আংশিক	০.০৩০০
৬১১	২৫১০	পূর্ণ	০.১৬০০
৬১২	২৫১২	আংশিক	০.০৪০০
৬২২	২৫১৩	পূর্ণ	০.০৯০০
১১৮১	২৫১৪	পূর্ণ	০.০৭০০
১০৮৮	২৫১৫	আংশিক	০.০২০০
১৩৩৪/১	২৫১৭	আংশিক	০.৪৪০০
৬৭১/১৮	৩৮৮৫	আংশিক	০.০৩০০
৬৭১/১৮	৩৮৮৯	আংশিক	০.০৬০০
৬৭১/৬	৩৮৯০	আংশিক	০.০৩০০
৬৭১/৬	৩৮৯১	আংশিক	০.০৪০০
৬৭১/৬	৩৮৯২	আংশিক	০.০৩০০
৬৭১/১৭	৩৮৯৭	আংশিক	০.৩৫০০
৬৭১/৩১	৩৮৯৮	আংশিক	০.৪১০০
৬৭১/১০	৩৯০১	আংশিক	০.১৬০০
৬৭১/৩০	৩৯০২	আংশিক	০.১৬০০
৬৭১/৩৪	৩৯০৩	আংশিক	০.১৫০০
৬৭১/৩৪	৩৯০৪	আংশিক	০.১৫০০
৬৭১/২২	৩৯০৫	আংশিক	০.৪১০০
৬৭১/৭	৩৯০৯	আংশিক	০.১৯০০
৯৩৩/৫	৪০৮৮	আংশিক	০.০৪০০
৯৩৪/১	৪০৯১	পূর্ণ	০.১২০০
৯৩৪/১	৪০৯২	আংশিক	০.৩৮০০
৯৩৩/২	৪০৯৩	পূর্ণ	০.০৬০০
৯৩৩/২	৪০৯৪	পূর্ণ	০.০৮০০
৯৩৩/২	৪০৯৫	পূর্ণ	০.০৬০০
৯৩৩/২	৪০৯৬	পূর্ণ	০.০৬০০
৯৩৪/২	৪০৯৭	পূর্ণ	০.৩৫০০
৬০৭/২	৪০৯৮	আংশিক	০.১১০০
৯৩৬/৩	৪১০১	পূর্ণ	০.১৮০০
৬২৭/১	৪১০২	পূর্ণ	০.০৮০০
৬৯৯/১	৪১০৩	পূর্ণ	০.১২০০
৩/১	৪১০৪	পূর্ণ	০.০৫০০
৯৩৩/৪	৪১০৫	পূর্ণ	০.১২০০
৬/১	৪১০৬	পূর্ণ	০.৩৬০০
৯৩৬/৩	৪১০৭	পূর্ণ	০.০৭০০
৯৩৫/১	৪১০৮	পূর্ণ	০.০৫০০
৯৩৬/৪	৪১০৯	পূর্ণ	০.০৬০০
৯৩৬/১	৪১১০	আংশিক	০.২০০০
৯৩৩/৩	৪১১১	-	০.১২০০
৯৩৩/৩	৪১১৫	পূর্ণ	০.১৬০০
৬৭১/১৮	৪১১৬	পূর্ণ	০.০২০০
৯৩৪/১	৪১১৭	পূর্ণ	০.০২০০
৬০৭/২	৪১১৮	আংশিক	০.০১০০
৬৭১/৬	৩৮৯৩	আংশিক	০.০৫০০
		মোট =	**৭.৮৪০০ একর**

মোট জমির পরিমাণ = ৭.৮৪ একর (কম/বেশি)

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুহাম্মদ আব্দুল লতিফ
উপসচিব।

এল.এ মামলা নং- ১০৪/১৯৫৬-৫৭

ফরম-ঘ

সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫ (৭) ধারা মোতাবেক নোটিশ

তারিখ: ১৩ আশ্বিন ১৪৩৩/২৮ সেপ্টেম্বর ২০২৬

নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০০৪.২৬-১৭৬—যেহেতু, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরি) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৮-১২-১৯৫৭খ্রি.তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে;

